

২০১৫

বাংলা

(নূতন পাঠক্রম)

(সাম্মানিক)

প্রথম পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

১। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১৫ x ৩

(ক) ধর্ম-সম্পৃক্ত হয়েও বৈষ্ণব পদাবলী সাহিত্য কোন্ গুণে  
সর্বজনীন হয়ে উঠতে পেরেছে তা আলোচনা করো । ১৫

(খ) বাংলা কাব্য-ধারায় ঈশ্বর গুপ্তের দান ও গুরুত্ব পর্যালোচনা  
করো । ১৫

- (গ) মধুসূদনের নাট্য-কৃতির পরিচয় দিয়ে বাংলা নাট্য-সাহিত্যের ধারায় তাঁর গুরুত্ব বিচার করো । ১৫
- (ঘ) প্রথম বিশ্বযুদ্ধ-পূর্ববর্তী বাংলা উপন্যাস-সাহিত্যের একটি সংক্ষিপ্ত ইতিবৃত্ত রচনা করো । ১৫
- (ঙ) বাংলা গদ্যসাহিত্যের বিকাশের ধারায় ফোর্ট উইলিয়াম কলেজের লেখক গোষ্ঠীর ভূমিকা পর্যালোচনা করো । ১৫
- ২। সংস্কৃত সাহিত্যের ইতিহাসে কালিদাসের বা বাণভট্টের দান সম্পর্কে আলোচনা করো । ১৫
- ৩। চার্লস ডিকেন্সের সাহিত্য-কৃতির পরিচয় দিয়ে ইংরেজী সাহিত্যের ইতিহাসে তাঁর গুরুত্ব বিচার করো । ১৫

### অথবা

শেক্সপীয়রের ট্রাজেডি নাটকগুলির পরিচয় দাও ।

- ৪। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ৩
- (ক) কোন্ প্রেক্ষিতে মধ্যযুগে বাংলা অনুবাদ সাহিত্য সৃষ্টি হয়েছিল ? — সংক্ষেপে আলোচনা করো । ৫
- (খ) আধুনিক বাংলা কাব্যসাহিত্যের ধারায় সুভাষ মুখোপাধ্যায়ের দান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো । ৫

- ( গ ) বনফুলের ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে উপস্থিত  
করো । ৫
- ( ঘ ) প্রমথ চৌধুরীর গদ্যরীতি সম্পর্কে সংক্ষেপে আলোকপাত  
করো । ৫
- ( ঙ ) টীকা লেখো (যে কোন একটি) : ৫  
খেতুরী মহোৎসব, গণনাটা ।
-

